জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
জেলা ঃ রাজশাহী

সভাপতি ঃ এস. এম. আব্দুল কাদের
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী
তারিখ ঃ ১৮/১১/২০১৮ খ্রি.
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা

আলোচনা - ১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা -২ ঃ ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, চলতি নভেম্বর/১৮ মাসের রাজশাহী জেলায় ৬৭১৪ মে.টন ইউরিয়া, ২১৯১ মে.টন টিএসপি, ৫১০৮ মে.টন এমওপি এবং ৬১১৬ মে.টন ডিএপি সার বরাদ্দ পাওয়া গেছে। অদ্য পর্যন্ত জেলায় বিসিআইসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাদের নিকট ইউরিয়া মজুদ ২৫৬৪ মে.টন, উত্তোলনযোগ্য ইউরিয়া সারের পরিমাণ ৩৩৯৫ মে.টন; টিএসপি সারের মজুদ ৭১৫ মে.টন, উত্তোলনযোগ্য টিএসপি সারের পরিমাণ ১৯৬৮ মে.টন; এমওপি সারের মজুদ ২০২৭ মে.টন, উত্তোলনযোগ্য এমওপি সারের পরিমাণ ৫৪০২ মে.টন এবং ডিএপি সারের মজুদ ১৮৭১ মে.টন ও উত্তোলনযোগ্য ডিএপি সারের পরিমাণ ৬৮২৯ মে.টন। অদ্য রাজশাহী বাফার গুদামে মজুদ আছে ৫৫১৩ মে.টন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩৭৪৩ মে.টন, এমওপি ২৬৩৩ মে.টন এবং ডিএপি ৩২৫৬ মে.টন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ১২৫০/- টাকা দরে বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২২৯৫ মে.টন, টিএসপি ৭৮৫ মে.টন, এমওপি ১৮৪৩ মে.টন এবং ডিএপি ১৯৮১ মে.টন। তিনি আরও জানান সরকারী নির্দেশনামতে বিসিআইসি সার ডিলারগণ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট হতে প্রতি ২ বছর পর পর নিবন্ধন সনদ নবায়নের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে আসছেন। বর্তমান নিবন্ধনের মেয়াদ অনেকেরই আগামী জানুয়ারী/১৯ মাসে শেষ হবে। কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার (বুধবার,এপ্রিল ৮, ২০১৫ তারিখের) প্রজ্ঞাপনে এই নিবন্ধন ফি ১০০০/-(এক হাজার) টাকার পরিবর্তে ৫০০০/-(পাচঁ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট নির্ধারণ করা হয়েছে। রাজশাহী জেলার বিসিআইসি সার ডিলারগণকে নিবন্ধনের মেয়াদ শেষ হবার পূর্বে অর্থাৎ ডিসেম্বর/২০১৮ মাসের মধ্যে নবায়ন করার জন্য অনুরোধ জানান। বিএফএ, রাজশাহী'র সাধারণ সম্পাদক সরকার কর্তৃক নির্ধারিত সারের ডিলার পর্যায়ে বস্তা প্রতি পরিবহণ ও হ্যান্ডেলিং খরচ বাবদ যে ১০০(একশত) টাকা দেওয়া হয় তা বৃদ্ধির জন্য অনুরোধ জানান। সভাপতি, বিএডিসি'র বীজ ডিলার, রাজশাহী বিএডিসি'র নিবন্ধিত সার ডিলারগণের মাঝে বেসরকারী আমদানিকারক কর্তৃক আমদানিকৃত সার বরাদ্দ প্রদানের বিষয়ে জানতে চাইলে উপ-পরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী বলেন কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিসিআইসি'র সার ডিলারগণ বিসিআইসি উৎপাদিত, বিএডিসি কর্তৃক আমদানিকৃত সার এবং বেসরকারী আমদানিকারক কর্তৃক আমদানিকৃত সার বরাদ্দ পাবেন, অন্যদিকে কেবলমাত্র বিএডিসি কর্তৃক আমদানিকৃত সার-ই বিএডিসি'র নিবন্ধিত সার ডিলারগণের মাঝে বরাদ্দ প্রদান করা যাবে। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (ক) সকল সার ডিলারগণকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
(খ) বিসিআইসি সার ডিলারগণের নিবন্ধনের মেয়াদ শেষ হবার পূর্বেই পূর্বের বকেয়াসহ নির্ধারিত ফি জমা দান করে আগামী ডিসম্বর/২০১৮ মাসের মধ্যে তাদের নিবন্ধন সনদ নবায়ন করবেন। এ বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় তদারকী করবেন।

আলোচনা -৩ ঃ মেসার্স আনিছ এন্ড সন্স,বিসিআইসি সার ডিলারের ডিলারশীপ স্থানান্তরের আবেদন

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, মেসার্স আনেছ এন্ড সন্স, বিসিআইসি সার ডিলার, বাগমারা, রাজশাহী মোহনপুর উপজেলার ঘাসিগ্রাম ইউনিয়নে ডিলারশীপ স্থানান্তরের জন্য আবেদন করেছেন। উল্লেখ্য যে, মেসার্স আনেস এন্ড সন্স, বিসিআইসি সার ডিলার ইতিপূর্বে মোহনপুর উপজেলায় তার ডিলারশীপ স্থানান্তরের জন্য মাহামান্য হাইকোর্টে ৮১৫/২০০৯ নং রীট পিটিশন দাখিল করেছিলেন এবং বর্তমানে তিনি মামলাটি প্রত্যাহার করে নিয়েছেন। একই ধরনের আবেদন করায় গত ১৮/০৯/২০১৬, ২১/০১/২০১৮ এবং ১৫/০৪/২০১৮ তারিখের জেলা সার বীজ মনিটরিং কমিটির সভায় নীতিমালায় কোন সুযোগ না থাকায় তাহার আবেদন বিবেচনা করা হয়নি। উল্লেখ্য যে এধরনের এক উপজেলা হতে অন্য উপজেলায় ডিলারশীপ স্থানান্তরের জন্য একাধিক ডিলারের আবেদন রয়েছে। এমনকি একই উপজেলায় এক ইউনিয়ন হতে অন্য ইউনিয়নে ডিলারশীপ স্থানান্তরের বিষয়ে পুঠিয়া উপজেলায় ০১টি এবং তানোর উপজেলায় ০১টি মোট ০২টি রীট মামলা চলমান রয়েছে। উপস্থিত সদস্যগণের সাথে আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ মোতাবেক ডিলারশীপ স্থানান্তরের কোন সুযোগ না থাকায় মেসার্স আনিছ এন্ড সন্স, বিসিআইসি সার ডিলারের আবেদন বিবেচনা করা গেল না।

আলোচনা -৪ ঃ মেসার্স জসিম উদ্দিন, বিএডিসি'র সার ডিলারের ডিলারশীপ স্থানান্তরের আবেদন।

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, মেসার্স জসিম উদ্দিন, বিএডিসি'র সার ডিলার, চারঘাট, রাজশাহী পবা উপজেলার কাটাখালী বাজারে ডিলারশীপ স্থানান্তরের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে উপজেলা কৃষি অফিসার, চারঘাট, রাজশাহী বলেন চারঘাট উপজেলার ইউসুফপুর ইউনিয়নে মেসার্স জসিম ট্রেডার্স একমাত্র বিএডিসি'র নিবন্ধিত সার ডিলার, তিনি তার বিক্রয় কেন্দ্র স্থানান্তর করলে উক্ত ইউনিয়নে চাষীদের সার প্রাপ্তিতে সমস্যা হতে পারে। উপজেলা কৃষি অফিসার, পবা, রাজশাহী বলেন কাটাখালী পৌরসভায় ০১জন বিসিআইসি ডিলারের বিক্রয়কেন্দ্র আছে এবং ০১ জন বিএডিসি'র সার ডিলার রয়েছে, তাই সেখানে নতুন করে বিএডিসি'র ডিলারের প্রয়োজন নাই। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ কৃষকদের মাঝে সুষ্ঠভাবে সার বিতরণের স্বার্থে আপাতত মেসার্স জসীম ট্রেডার্স এর আবেদন বিবেচনা করা গেল না।

আলোচনা -৫ ঃ বিএডিসি'র বীজ ।

উপ-পরিচালক(বীজ বিপণন), বিএডিসি, রাজশাহী বলেন রবি মৌসুমের জন্য বিভিন্ন জাতের বোরো ধান বীজ ২৭৫ মেঃটন, গম ৮৮৪ মেঃটন, আলু ১৭১৩ মেঃটন, সরিষা ২৫ মেঃটন, মসুর ১২০ মেঃটন, ছোলা ৩ মেঃটন, চীনাবাদাম ১ মেঃটন এবং খেসারী বীজ ১০ মেঃটন বরাদ্দ পাওয়া গেছে। এ সকল বীজ বিক্রয়ের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট সহযোগীতা কামনা করেন। এ বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিএডিসি'র বীজ ডিলারগণকে সময়মত বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে বীজের আগমনি বার্তা প্রদান করবেন ও সমুদয় বীজ বিক্রয়ের বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এস, এম, আব্দুল কাদের
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,রাজশাহী

স্মারক নং ১২.১৭.৮১০০.০৪১.৪০.৭১৪.১২-১৭৭১(৫১) তারিখ ঃ ৩/১২/১৮ খ্রিঃ

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ ঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
১২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১৩. জেলা প্রশাসক, রাজশাহী।
১৪. পুলিশ সুপার, রাজশাহী।
১৫. -৫৫.
....(কমিটির সকল সদস্য)
....
....

৩/১২/১৮
উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩